# কথাসাহিত্যের রূপভেদ

ড. কুশল চ্যাটার্জী, স্টেট এইডেড কলেজ টিচার, বাংলা বিভাগ, ঋষি বঙ্কিম চন্দ্র ইভিনিং কলেজ, নৈহাটী

## রোমান্স

ল্যাটিন শব্দ 'Romance'–এর মূল অর্থ 'ফরাসী ভাষায় লেখা কোন কাজ'। Clara Reeve একদা বলেছিলেন, "The Romance, in loftily and elevated language, describes what never happened nor is likely to happen.''(*Progress of Romance* )

### ► বৈশিষ্ট্য ঃ

১. রোমান্সের ভাষা হয় অধিকাংশ ক্ষেত্রে কাব্যিক। ২. রোমান্সে সম্ভাব্য অঘটন ঘটতে দেখা যায়। ৩. অলৌকিক ঘটনা রোমান্সে স্থান পায়। ৪. অতিপ্রাকৃত ঘটনাবলীর ব্যবহার রোমান্সে চোখে পড়ে কখনও কখনও। –ইত্যাদি

### ► উপন্যাসের সাথে রোমান্সের পার্থক্য ঃ

১. উপন্যাসে যেমন চরিত্রের বিকাশ ঘটে, রোমান্সে তেমন ঘটে না। ২. উপন্যাসে থাকে পাঠকের পরিচিত পরিবেশ। রোমান্সের পরিবেশ অধিকাংশ সময়েই হয় পাঠকের অপরিচিত। ৩. রোমান্সের ভাষা উপন্যাসের ভাষা থেকে কাব্যিক হয়ে থাকে। –ইত্যাদি

### ► উদাহরণ ঃ

স্পেন্সারের ***Faerie Queen***, কারভানটেসের ***Don Quixote***, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের *কপালকুণ্ডলা*, রবীন্দ্রনাথ ঠাকুরের *শেষের কবিতা* -ইত্যাদি

Dr. Kushal Chatterjee

# উপন্যাস

উপন্যাসকে ইংরাজীতে বলা হয় 'Novel'. শব্দটির মূল উৎস ল্যাটিন শব্দ 'Novella'. Ralph Fox একদা বলেছিলেন, "The novel is not merely fictional prose, it is the prose of man's life ; the first art to attempt to take the whole man and give him expression."

► **প্রধান উপাদান ঃ**

প্লট, সংলাপ, চরিত্র, স্থানীয় পরিবেশ, শাখা কাহিনী, লেখকের জীবনদর্শন ও মনস্তাত্ত্বিক বিশ্লেষণ

► **বৈশিষ্ট্য ঃ**

১.উপন্যাসের ভাষা–মাধ্যম হয় গদ্য। ২. সাধারণত উপন্যাসের কায়া হয় বৃহৎ। ৩. উপন্যাসে বহু চরিত্রের ব্যবহার চোখে পড়ে। ৪. উপন্যাসে উপকাহিনী বা শাখাকাহিনী থাকতে পারে। –ইত্যাদি

► **উপন্যাসের শ্রেণীবিভাগ ঃ**

সামাজিক, ঐতিহাসিক, রাজনৈতিক, আঞ্চলিক, মনস্তাত্ত্বিক, চেতনাপ্রবাহরীতি –ইত্যাদি

► **উদাহরণ ঃ**

চার্লস ডিকেন্সের *A Tale OF Two Cities*, স্যার আরথার কনান্ডয়েলের *The Adventures of Sherlock Holmes* , বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের *রাজসিংহ* , রবীন্দ্রনাথ ঠাকুরের *গোরা* -ইত্যাদি

Dr. Kushal Chatterjee

# সামাজিক উপন্যাস

♦ **সংজ্ঞা ঃ**

সামাজিক রীতি-নীতি, ঘটনা, আদপ-কায়দা, দ্বন্দ্ব, শোক-বেদনা ইত্যাদি নিয়ে যে উপন্যাস লেখা হয়, তাকেই সামাজিক উপন্যাস বলে।

♦ **বৈশিষ্ট্য ঃ**

১. সামাজিক উপন্যাসে একটি বিশেষ সময়ের একটি বিশেষ সমাজের চিত্র তুলে ধরা হয়।

২. সামাজিক উপন্যাসের অধিকাংশ চরিত্র অধিকাংশ সময় type চরিত্র হয়ে থাকে ।

৩. সাধারণত সমসাময়িক বিষয় নিয়েই সামাজিক উপন্যাস লেখা হয়।

৪. সামাজিক উপন্যাসে ঔপন্যাসিকের বক্তব্য বিভিন্ন ভাবে ব্যক্ত হয়।

৫. সামাজিক দোলাচলতা সামাজিক উপন্যাসে স্থান পায়।

-ইত্যাদি

♦ **উদাহরণ ঃ**

চার্লস কিংসলের *Yeast*, চার্লস ডিকেন্সের *Hard Times*, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের *বিষবৃক্ষ*, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের *পল্লীসমাজ* ইত্যাদি

Dr. Kushal Chatterjee

# ঐতিহাসিক উপন্যাস

♦ **সংজ্ঞা ঃ**

কোন ঐতিহাসিক ঘটনাকে অবলম্বন ক'রে যে উপন্যাস লেখা হয়, তাকেই ঐতিহাসিক উপন্যাস বলে।

♦ **বৈশিষ্ট্য ঃ**

১. ঐতিহাসিক উপন্যাস লেখা হয় কোন ঐতিহাসিক ঘটনাকে কেন্দ্র ক'রে।

২. ঐতিহাসিক উপন্যাসে ঐতিহাসিক চরিত্রের পাশাপাশি অনৈতিহাসিক চরিত্রেরও ব্যবহার করা হয়।

৩. ঐতিহাসিক উপন্যাসে 'tone and temper of the age'-কে তুলে ধরার চেষ্টা করা হয়।

৪. ঐতিহাসিক উপন্যাসের বিষয় হয় ভাবগম্ভীর।

–ইত্যাদি

♦ **উদাহরণ ঃ**

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের *রাজসিংহ*, রমেশচন্দ্র দত্তের *বঙ্গবিজেতা* ইত্যাদি

Dr. Kushal Chatterjee

# রাজনৈতিক উপন্যাস

♦ **সংজ্ঞা ঃ**

কোন রাজনৈতিক ঘটনাকে অবলম্বন ক'রে যে উপন্যাস লেখা হয়, তাকেই রাজনৈতিক উপন্যাস বলে।

♦ **বৈশিষ্ট্য ঃ**

১. রাজনৈতিক উপন্যাস লেখা হয় কোন রাজনৈতিক ঘটনাকে কেন্দ্র ক'রে।

২. সাধারণত সমকালীন রাজনৈতিক বিষয় নিয়েই রাজনৈতিক উপন্যাস লেখা হয়।

৩. রাজনৈতিক উপন্যাসে ঔপন্যাসিককে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি বজায় রাখতে হয় ।

৪. রাজনৈতিক উপন্যাসে রাজনৈতিক ব্যক্তিত্বের উল্লেখ থাকতে পারে।

–ইত্যাদি

♦ **উদাহরণ ঃ**

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের *আনন্দমঠ*, রবীন্দ্রনাথ ঠাকুরের *গোরা*, মহাশ্বেতা দেবীর *হাজার চুরাশির মা* ইত্যাদি

Dr. Kushal Chatterjee

# আঞ্চলিক উপন্যাস

♦ **সংজ্ঞা ঃ**

যে উপন্যাসে কোন অঞ্চলের পরিবেশ, জন-জীবনযাপনের বিস্তারিত তথ্য তুলে ধরা ধরা হয়, তাকে আঞ্চলিক উপন্যাস বলে।

♦ **বৈশিষ্ট্য ঃ**

১. আঞ্চলিক উপন্যাসে একটি বিশেষ অঞ্চলের কথা তুলে ধরা হয়।

২. আঞ্চলিক উপন্যাসটি যে অঞ্চলকে কেন্দ্র ক'রে লেখা হয়, তাতে সেই অঞ্চলের মানুষদের জীবন-জীবিকা, মানসিকতা ও ধর্মীয় বিশ্বাস, অর্থনৈতিক বিবরণ তুলে ধরা হয় ।

৩. আঞ্চলিক উপন্যাসে নিসর্গ প্রকৃতির ব্যবহার সুচারু ভাবে করা হয়।

৪. যে অঞ্চলকে কেন্দ্র ক'রে আঞ্চলিক উপন্যাসটি লিখিত হয়, সেই অঞ্চলের আঞ্চলিক কথ্য ভাষার ব্যবহার উপন্যাসটিতে লক্ষ্য করা যায়।

-ইত্যাদি

♦ **উদাহরণ ঃ**

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের *হাঁসুলীবাঁকের উপকথা*, মানিক বন্দ্যোপাধ্যায়ের *পদ্মানদীর মাঝি* ইত্যাদি

Dr. Kushal Chatterjee

# মনস্তাত্ত্বিক উপন্যাস

♦ **সংজ্ঞা ঃ**

যে উপন্যাসে মনের ক্রিয়া-প্রতিক্রিয়া ও গহন রহস্যের প্রতিফলন ঘটে, তাকে মনস্তাত্ত্বিক উপন্যাস বলে।

♦ **বৈশিষ্ট্য ঃ**

১. মনস্তাত্ত্বিক উপন্যাসে মানুষের মনের ক্রিয়া-প্রতিক্রিয়া ও গহন রহস্য তুলে ধরা হয় ।

২. মনস্তাত্ত্বিক উপন্যাসে উপন্যাসিক যেন ঈশ্বরের মতো সকল চরিত্রের অন্তর-মানস অবলোকন করতে পারেন।।

৩. মানবমনের অবদমিত কামনাবাসনার পরিচয় এই ধরণের উপন্যাসে পাওয়া যায়।

৪. মনস্তাত্ত্বিক উপন্যাসের চরিত্রগুলির সাথে পাঠক সহজেই একাত্ম হতে পারেন।

-ইত্যাদি

♦ **উদাহরণ ঃ**

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের *বিষবৃক্ষ*, রবীন্দ্রনাথ ঠাকুরের *চোখের বালি* ইত্যাদি

Dr. Kushal Chatterjee

# চেতনাপ্রবাহরীতির উপন্যাস

♦ **সংজ্ঞা ঃ**

যে উপন্যাসে চরিত্রের বাহ্যিক ক্রিয়াকলাপ নয়, গুরুত্ব পায় চরিত্রের অন্তর-লোক, তাকেই চেতনাপ্রবাহরীতির উপন্যাস বলে।

♦ **বৈশিষ্ট্য ঃ**

১. চেতনাপ্রবাহরীতির উপন্যাসে গুরুত্ব পায় চরিত্রের অন্তর-লোক ।

২. চেতনার প্রবাহমানতা চেতনাপ্রবাহরীতির উপন্যাসের অন্যতম বৈশিষ্ট্য।

৩. চেতনাপ্রবাহরীতির উপন্যাসে চরিত্রের স্বগতকথন দৃষ্ট হয় ।

৪. চেতনাপ্রবাহরীতির উপন্যাসে চরিত্রের মানসিক চিন্তাভাবনার প্রকাশ দেখা যায়।

-ইত্যাদি

♦ **উদাহরণ ঃ**

রবীন্দ্রনাথ ঠাকুরের *চতুরঙ্গ*, সতীনাথ ভাদুড়ীর *জাগরী*, বুদ্ধদেব বসুর *লালমেঘ* ইত্যাদি

Dr. Kushal Chatterjee

# ছোটগল্প

♦ **সংজ্ঞা ঃ**

M. H. Abram বলেছেন, "A short story is a work of prose fiction, and most of the terms analyzing the component parts, the types, and the various narrative techniques of the novel are applicable to the short story as well.''

♦ **বৈশিষ্ট্য ঃ**

১. ছোটগল্পের আয়তন হয় ছোট। ২. ছোটগল্প হয় সাধারণত একমুখী। ৩. খুব বেশী চরিত্রের অবতারণার অবকাশ ছোটগল্পে নেই । ৪. চমক দিয়ে ও পাঠকের অন্তরে অতৃপ্তি জাগিয়ে ছোটগল্পের সমাপ্তি ঘটে। –ইত্যাদি

♦ **উপন্যাস ও ছোটগল্পের মধ্যে পার্থক্য ঃ**

ক. উপন্যাসের বিশালত্ব ছোটগল্পের নেই। খ. উপন্যাসের মতো চরিত্র–আধিক্য ছোটগল্পের নেই। গ. উপন্যাসে তত্ত্ব, মতবাদ প্রকাশের জায়গা থাকলেও ছোটগল্পে এর তেমন আবকাশ নেই। –ইত্যাদি

♦ **শ্রেণীবিভাগ ও উদাহরণ ঃ**

সামাজিক– *অভাগীর স্বর্গ* (–শরৎচন্দ্র চট্টোপাধ্যায়), প্রকৃতি ও মানুষ– *অতিথি* (–রবীন্দ্রনাথ ঠাকুর), মনুষ্যেতর– *আদরিণী* (–প্রভাতকুমার মুখোপাধ্যায়), উদ্ভট– *নারায়ণী সেনা* (–বিভূতিভূষণ মুখোপাধ্যায়) ইত্যাদি

Dr. Kushal Chatterjee

# অনুগল্প

অত্যন্ত স্বল্পায়তনের গল্পকে অনুগল্প বলা যায়, যা লেখা হয় কোন একটি ঘটনা বা দৃশ্যকে কেন্দ্র ক'রে।

- **বৈশিষ্ট্য ঃ**

  ১. অনুগল্প হয় স্বল্পায়তন বিশিষ্ট।

  ২. অনুগল্পে চরিত্র–বাহুল্য থাকে না।

  ৩. অনুগল্পের কাহিনী সুগঠিত হতেও পারে আবার নাও হতে পারে।

  –ইত্যাদি

- **উদাহরণ ঃ**

  বলাইচাঁদ মুখপাধ্যায়ের *নিমগাছ* ইত্যাদি

Dr. Kushal Chatterjee